

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
পার্সোনেল সেবা অধিশাখা  
www.ictd.gov.bd

নম্বর- ৫৬.০০.০০০০.০১৫.১২.০০১.১৮-৪৫৫

তারিখঃ ০৯ বৈশাখ, ১৪২৫  
২২ এপ্রিল, ২০১৮

অফিস আদেশ


তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের নিম্নবর্ণিত কর্মচারীগণকে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে টাকা ৯৩০০-২২৪৯০ বেতনক্রমে (গ্রেড-১৬) নিম্নোক্ত শর্তে “অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক” পদে পদোন্নতি প্রদান করা হল:

ক্রম	নাম ও পদবি
১.	বেগম শাহিনা আক্তার, অফিস সহায়ক
২.	জনাব শহিদুল ইসলাম, অফিস সহায়ক
৩.	মোছাঃ সেলিনা খাতুন, অফিস সহায়ক
৪.	বেগম প্রভা মন্ডল, অফিস সহায়ক
৫.	মোছাঃ এ্যামিলী খাতুন, অফিস সহায়ক

শর্তসমূহ:

- (১) এ পদোন্নতির আদেশ পদোন্নতি প্রাপ্ত পদে যোগদানের তারিখ হতে কার্যকর হবে;
- (২) উল্লিখিত কর্মচারীগণকে পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ থেকে ০১ (এক) বছরের জন্য শিক্ষানবিস হিসাবে নিয়োগ করা হল। তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করে শিক্ষানবিসির মেয়াদ বৃদ্ধি করে সর্বসাকুল্যে ০২ (দুই) বছর করতে পারবেন;
- (৩) শিক্ষানবিসির মেয়াদ চলাকালে পদোন্নতিপ্রাপ্ত কর্মচারী/কর্মচারীগণের আচরণ ও কর্ম সন্তোষজনক থাকা সাপেক্ষে পদোন্নতিপ্রাপ্ত পদে তার/তাদের চাকরি স্থায়ী করা হবে;
- (৪) শিক্ষানবিসির মেয়াদে নিয়োগকারী কর্তৃপক্ষ যদি মনে করেন তার/তাদের আচরণ ও কর্ম সম্পাদনের মান সন্তোষজনক নয় অথবা তার/তাদের কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নেই, সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ তাকে/তাদের যে পদ থেকে পদোন্নতি দেওয়া হয়েছিল সে পদে প্রত্যাবর্তন করাতে পারবেন;
- (৫) এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ কোন ক্ষেত্রে তার/তাদের চাকরি সরকারের প্রচলিত বিধি ও আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে।

০২। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

  
(মুঃ জসীম উদ্দিন খান)

উপসচিব

ফোন ০২-৫৫০০৬৮৫৭ (অফিস)


✉ jashim@ictd.gov.bd

নম্বর- ৫৬.০০.০০০০.০১৫.১২.০০১.১৮-৪৫৫

তারিখঃ ০৯ বৈশাখ, ১৪২৫  
২২ এপ্রিল, ২০১৮

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (প্রয়োজ্য ক্ষেত্রে) প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
২. মন্ত্রীর একান্ত সচিব, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (অফিস আদেশটি বিভাগের ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ)।
৪. প্রতিষ্ঠার একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৫. সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৬. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
৭. সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৮. জনাব/বেগম ....., তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
৯. অফিস কপি/মাস্টার নথি/ব্যক্তিগত নথি/চাকরি বহি।

  
মুঃ জসীম উদ্দিন খান  
উপসচিব